

**মূল বেতন ও ব্যক্তিগত বেতনের মধ্যে পার্থক্য এবং বেতন নির্ধারণের উপলক্ষগুলি (Occasions)।**

সরকারি কর্মচারীদের মূল বেতন ছাড়াও বেতন নির্ধারণের ক্ষেত্রে পিপি যুক্ত হয়। বর্তমান পে স্কেল ২০১৫ কার্যকর হলেও পিপি রয়ে গেছে। অনলাইনে বেতন নির্ধারণ বা উচ্চতর গ্রেডে ফিক্সেশন করতে গেলে পিপি চলে আসে।

**মূল বেতন :** বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-৫(৬) অনুযায়ী “মূল বেতন” বলিতে একজন কর্মচারীর বেতনকে বুঝায়। তবে বিশেষ বেতন, এভারসিস বেতন এবং আর্থিক সুবিধাদি মূল বেতনের অন্তর্ভুক্ত নয় অথবা কর্মচারীর ব্যক্তিগত যাগ্যতা, শিক্ষাগত যাগ্যতা ইত্যাদি বিবেচনা করিয়া যে আর্থিক সুবিধাদি প্রদান করা হয় তাহাও মূল বেতন নহে।

**ব্যক্তিগত বেতন :** বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-৫(৪৩) অনুযায়ী ব্যক্তিগত বেতন” বলিতে অতিরিক্ত বেতন নিম্নোক্ত কারণে একজন সরকারী কর্মচারীকে মঞ্জুর করা হয়

(এ) শৃংখলামূলক কারণ ব্যতীত বেতন পুনঃ নির্ধারণ করণে প্রকৃত বেতন হ্রাস হইবার ফলে, টেনিউর পদ ব্যতীত স্থায়ী পদের কর্মচারী যে আর্থিক ক্ষতির সম্মুখীন হন, তাহা পূরণকল্পে সরকার কর্তৃক প্রদত্ত অতিরিক্ত মঞ্জুরীকৃত বেতন, অথবা

(বি) বিশেষ অবস্থায় ব্যক্তিত্বের গুরুত্বের কারণে মঞ্জুরকৃত অতিরিক্ত বেতন।

**নিম্নে বেতন নির্ধারণের উপলক্ষগুলি প্রদত্ত হইল :**

(১) সরকারী চাকুরীতে প্রথম নিয়োগ লাভ করিবার ক্ষেত্রে;

(২) টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্তির ক্ষেত্রে;

(৩) একটি পদে নিয়োজিত থাকা অবস্থায় অন্য কোন পদে নিয়োগ লাভ করিবার ক্ষেত্রে;

(৪) কোন পদে স্থায়ীকরণের ক্ষেত্রে;

(৫) ছুটিকালীন বা অন্য কোন পদে কর্তব্য সম্পাদন করিবার পর অফিসিয়েটিং নিয়োগ লাভ করিবার ক্ষেত্রে;

(৬) কোন স্থায়ী পদে বাস্তুবভাবে নিয়োগ লাভ করিবার ক্ষেত্রে;

(৭) কোন পদের বেতন স্কেল পরিবর্তনের ক্ষেত্রে;

(৮) অবসর গ্রহণ করিবার পর পুনঃ নিয়োগ লাভ করিবার ক্ষেত্রে;

(৯) সংযুক্ত নিয়োগ লাভ করিবার ক্ষেত্রে;